# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮১২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ঈদের সালাত খুতবার আগে হওয়া ওয়াজিব

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةَ الْعِيدِ يَجِبُ أَنْ تَكُونَ قَبْلَ الْخُطْبَةِ

আরবী

2812 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ عَنْ يَحْيَى عَنْ سُفْيَانَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَابِسٍ قَالَ: سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ ـ وَقِيلَ لَهُ ـ: أَشَهِدْتَ الْخُرُوجَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ الْعِيدِ؟ قَالَ: نَعَمْ وَلَوْلَا مَكَانِي مِنْهُ مَا شهدتُهُ مَعَهُ مِنَ الصِّغَرِ خَرَجَ حَتَّى أَتَى العَلَمَ الَّذِي عِنْدَ دَارِ كَثِيرِ بْنِ الصَّلْتِ فَصَلَّى ثُمَّ خَطَبَ ثُمَّ أَتَى النِّسَاءَ وَمَعَهُ بِلَالٌ فَوَعَظَهُنَّ وذَكَّرَهُنَّ وأَمَرَهُنَّ بِالصَّدَقَةِ فرأيتهنَّ يرمينَ بأيديهنَّ وَيَقْذِفْنَهُ فِي ثَوْبِ بِلَالٍ ثُمَّ انْطَلَقَ هُوَ وَبِلَالٌ إِلَى بَيْتِهِ.

الراوي : عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَابِسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2812 | خلاصة حكم المحدث: صحيح ـ ((حجاب المرأة)) (31/ 6)، ((صحيح أبي داود)) (1040): خ.

বাংলা

২৮১২. আব্দুর রহমান বিন আবিস রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমাকে বলতে শুনেছি –তাকে বলা হয়েছিল- “আপনি কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে ঈদের দিন ঈদগাহের উদ্দেশ্যে বের হয়েছিলেন?” জবাবে তিনি বলেন, “হ্যাঁ। যদি তাঁর কাছে আমার ভালো অবস্থান না থাকতো, তবে বয়সে নবীন হওয়ার কারণে তাঁর সাথে উপস্থিত হতে পারতাম না। তিনি বের হন এবং কাসীর বিন সালতের বাড়ির কাছে যে চিহ্ন রয়েছে, সেখানে আসেন। তারপর তিনি সালাত আদায় করেন। তারপর তিনি ভাষন দেন। তারপর তিনি বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে সাথে নিয়ে নারীদের কাছে আসেন। তাদেরকে ওয়াজ-নসীহত করেন এবং তাদেরকে সাদাকাহ করার নির্দেশ দেন। তারপর আমি দেখেছি নারীরা হাত দিয়ে (গহনা) খুলে তা বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুর কাপড়ে রাখছেন। তারপর তিনি ও বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু

বাড়িতে চলে আসেন।”[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৯৭৭; নাসাঈ: ৩/১৯২-১৯৩; মুসনাদ আহমাদ: ১/৩৬৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/১৭০; আবূ দাউদ: ১১৪৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০৪০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবিস (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92142

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন